# মেয়র পদে

By-Election
VOTE
June 26

# উপ-নির্বাচন

**26 জুন**

TORONTO

# ডাকযোগে ভোট প্রদান করার জন্য আবেদন করুন

এই উপ-নির্বাচনটির জন্য আপনি ডাকযোগে ভোট প্রদান করা বেছে নিতে পারেন। মে মাসের 1 - 26 তারিখের মধ্যে toronto.ca/VoteByMail-এ আপনার আবেদনপত্রটি দাখিল করুন।

# মাইভোট (MyVote) দিয়েই শুরু করুন

1 মে থেকে, toronto.ca/MyVote-এ আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত আছেন কিনা তা পরীক্ষা করে দেখুন, আপনার ওয়ার্ডটি এবং মেয়র পদের জন্য যেসকল প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতা করছেন তা খুঁজুন।

## মূল তারিখসমূহ

### 1 মে

- **ডাকযোগে-ভোট প্রদান (মেইল-ইন ভোটিং)** করার আবেদন করার প্রথম দিন
- **ভোটদাতার তালিকায়** আপনার তথ্য যোগ করার, পরিবর্তন করার বা হালনাগাদ করার প্রথম দিন

### 15 মে

- **প্রক্সি** ফর্ম-এর জন্য অনুরোধ করার প্রথম দিন এবং এটিকে প্রত্যায়ন করানোর জন্য VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে একটি সাক্ষাৎ-সময়সূচি নির্ধারন করুন।

### 23 মে

- **ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডসমূহ [Voter information cards (ভিআইসিস - VICs)]** ডাকযোগে যোগ্য ভোটদাতাদের প্রেরণ করা হবে।

    ○ 14 মে, 2023 তারিখ অনুসারে, যোগ্য ভোটদাতাগণ যারা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত রয়েছেন কেবলমাত্র তারাই ডাকযোগে একটি ভিআইসি (VIC) পাবেন। যদি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন এবং ডাকযোগে একটি ভিআইসি না পান, toronto.ca/MyVote-এ মাইভোট (Myvote) ব্যবহার করার মাধ্যমে আপনি আপনার কার্ডটি অধিগমন করতে পারেন।

## 26 মে

- **ডাকযোগে-ভোট প্রদানের** জন্য আবেদন করার শেষ সময়সীমা বিকাল 4:30 মিনিটের মধ্যে।

## 8 জুন থেকে 13 জুন পর্যন্ত

- সকাল 10টা থেকে রাত 7টা পর্যন্ত **অগ্রিম ভোট প্রদান করার** ছয় দিন।

## 15 জুন

- সম্পন্নকৃত **ডাকযোগে ভোটদানের** মোড়কসমূহ মধ্যাহ্নের (দুপুর 12টা) মধ্যে অবশ্যই গৃহীত হতে হবে।

## সোমবার, 26 জুন

- সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত নির্বাচনের দিন।

# ভোট প্রদান করার বিকল্পসমূহ

## ব্যক্তিগতভাবে উপস্থিতি (ইন পারসন)

উপলভ্য যেকোনো নির্বাচনের দিনসমূহে আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে পারেন। অগ্রিম ভোটের সময় (8 জুন থেকে 13 জুন পর্যন্ত) যথাসময়ের পূর্বেই ভোট প্রদান করুন বা নির্বাচনের দিন, সোমবার, 26 জুন তারিখে ভোট প্রদান করুন।

## ডাকযোগের মাধ্যমে

### 1ম ধাপ: ডাকযোগে ভোট প্রদান করার জন্য আবেদন করুন

- 1 মে থেকে, toronto.ca/VoteByMail-এ যান
- আবেদন করার শেষ সময়সীমা শুক্রবার, 26 মে বিকাল 4:30 মিনিট পর্যন্ত।

### 2য় ধাপ: আপনার মোড়কটি (প্যাকেজটি) সম্পন্ন করুন

একবার অনুমোদিত হয়ে গেলে, 23 মে তারিখ থেকে ডাকযোগে ভোট প্রদান সম্পন্ন করার জন্য আপনাকে একটি মোড়ক (প্যাকেজ) পাঠানো হবে।

- ঘোষণাপত্রটি (ডিক্লেয়ারেশন ফর্ম) **স্বাক্ষর করুন**
- ব্যলটটিতে **চিহ্ন দিন**
- ইয়েলো রিটার্ন এনভেলাপ (হলুদ ফিরতি খাম)-এর মধ্যে বন্ধ করা সিক্রেসি এনভেলাপ (গোপনীয় খাম)-টি **ভিতরে ঢুকিয়ে দিন**

### 3য় ধাপ: আপনার প্যাকেজটি ডাকযোগে পাঠিয়ে দিন

- আপনার সম্পন্নকৃত ডাকযোগে ভোটদানের মোড়কটি কানাডা পোষ্ট-এর যেকোনো ডাকবাক্সে (মেইলবক্সে) নিয়ে যান বা হলুদ টরন্টো ইলেকশনস ড্রপ বক্সসমূহের যেকোনো একটিতে হাতে হাতে দিয়ে আসুন।
- 1 জুন থেকে প্রতিটি ওয়ার্ডে একটি হলুদ ড্রপ বক্স উপলভ্য হবে। এগুলির অবস্থানের একটি তালিকা এখানে পাবেন:  toronto.ca/VoteByMail
- সম্পন্নকৃত ডাকযোগে ভোট প্রদান করার মোড়কসমূহ **15 জুন মধ্যাহ্নের (দুপুর 12টা)** মধ্যে অবশ্যই গৃহীত হতে হবে।

## প্রশ্নসমূহ বা অভিগম্যতা সংক্রান্ত তথ্যের জন্য

- ইমেইল প্রেরণ করুন: elections@toronto.ca-এ বা 311 নম্বরে টেলিফোন করুন
- toronto.ca/VoteByMail-এ আরো জানুন

## প্রতিনিধির মাধ্যমে (বাই প্রক্সি)

যদি আপনি ব্যক্তিগতভাবে উপস্থিতি বা ডাকযোগে ভোট প্রদান করতে অপারগ হন, আপনি একজন প্রতিনিধি (প্রক্সি) নিয়োগ করতে পারেন। একজন প্রতিনিধি হলেন এমন একজন ব্যক্তি যাকে আপনি আপনার পক্ষ হয়ে ভোট প্রদান করার জন্য বিশ্বাস করেন এবং যিনি 2023 সালের মেয়র পদের উপ-নির্বাচনে ভোটার হিসেবে যোগ্য। আপনার এবং আপনার প্রতিনিধির দ্বারা স্বাক্ষর করা একটি ভোটিং প্রক্সি অ্যাপয়ন্টমেন্ট (Voting Proxy Appointment) ফর্ম সম্পন্ন করুন, এবং 26 জুন বিকাল 4:30 মিনিটের পূর্বে সিটি ক্লার্ক (City Clerk) দ্বারা এটিকে প্রত্যায়ন করিয়ে নিন।

15 মে থেকে প্রক্সি ফর্ম পাওয়ার জন্য টরন্টো ইলেকশনস (Toronto Elections) এর সাথে যোগাযোগ করুন এবং এটিকে প্রত্যায়ন করানোর জন্য VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে একটি সাক্ষাৎ-সময়সূচি নির্ধারণ করুন।

toronto.ca/ByElection-এ আরো জানুন

# কারা ভোট দিতে পারবেন

2023 সালের মেয়র পদের উপ-নির্বাচনে ভোট প্রদান করার জন্য, আপনাকে অবশ্যই:

- একজন কানাডীয় নাগরিক হতে হবে; এবং
- কমপক্ষে 18 বছর বয়সের হতে হবে; এবং
- টরন্টো নগরীর একজন বাসিন্দা হতে হবে; বা
- টরন্টোর একজন অ-নিবাসী (নন-রেসিডেন্ট) হতে হবে, তবে আপনার বা আপনার স্বামী/স্ত্রীকে টরন্টো শহরে একটি বাড়ির মালিক হতে হবে বা ভাড়া বাড়িতে থাকতে হবে; এবং
- কোনো আইনের অধীনে ভোট প্রদানের জন্য নিষিদ্ধ করা হয়নি।

নগরীর মধ্যে আপনি যতগুলোই বাড়ির মালিক হন বা ভাড়া বাড়িতেই থাকেন না আপনি কেবলমাত্র একবারই ভোট দিতে পারবেন।

# ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হউন

ভোটার তালিকায় আপনার তথ্য সঠিক কিনা তা পরীক্ষা করা গুরুত্বপূর্ণ, বিশেষকরে গত নির্বাচনের পর যদি আপনি স্থানান্তরিত হয়ে থাকেন বা আপনি আপনার নাম পরিবর্তন করে থাকেন। যদি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন, আপনি ডাকযোগে একটি ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ড (ভোটার ইনফরমেশন কার্ড) পাবেন।

1 মে থেকে 26 মে পর্যন্তে, ভোটার তালিকায় আপনার তথ্য পরীক্ষা করুন, যোগ করুন বা হালনাগাদ করুন:

- toronto.ca/MyVote-এ যাওয়ার মাধ্যমে
- VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে
- 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে

26 মে তারিখের পর, অগ্রিম ভোটের সময় (8 জুন থেকে 13 জুন পর্যন্ত) যখন আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে যাবেন তখন বা নির্বাচনের দিন (26 জুন) আপনি নিজেকে ভোটার তালিকায় যোগ করতে পারবেন।

**যখন আপনি ভোট প্রদান করতে যাবেন আপনাকে আইডি (ID) অবশ্যই আনতে হবে, এমনকি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকলেও।**

# ভোটের দিনসমূহ

## নির্বাচনের দিন

সোমবার, 26 জুন, 2023 সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত। যদি আপনি নির্বাচনের দিনে ভোট প্রদান করা বেছে নেন এবং আপনি একাধিক বাড়ির মালিক হন বা ভাড়া বাড়িতে থাকেন, আপনি কেবলমাত্র একবারই ভোট প্রদান করতে পারবেন এবং আপনি যে ওয়ার্ডে বাস করছেন আপনাকে অবশ্যই সেখানে ভোট প্রদান করতে হবে।

## অগ্রীম ভোটদানের দিনসমূহ

বৃস্পতিবার, 8 জুন থেকে মঙ্গলবার, 13 জুন সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত অগ্রিম ভোট প্রদানের ছয় দিনের মধ্যে যথাসময়ের পূর্বে ভোট প্রদান করুন।

মাইভোট ব্যবহার করার মাধ্যমে বা toronto.ca/AdvanceVote-এ যাওয়ার মাধ্যমে আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডে অগ্রিম ভোট কেন্দ্রসমূহ খুঁজে নিন। সারা শহর জুড়ে উপলভ্য যেকোনো ভোটদান কেন্দ্রে অগ্রিম ভোটদানের দিনসমূহে আপনি ভোট প্রদান করতে পারেন।

# শিক্ষার্থীগণের জন্য তথ্য

যদি আপনি একজন শিক্ষার্থী হন এবং আপনি স্কুলে অংশগ্রহণ না করার সময় যেস্থানে বাস করছেন সেটাকেই আপনার "বাড়ি" বলে বিবেচনা করেন, যার অর্থ হলো আপনি সেখানেই ফিরে যাওয়ার পরিকল্পনা করেন, তাহলে আপনি আপনার "বাড়ির" পৌরসভা এবং স্কুলে অংশগ্রহণ করার সময় বর্তমানে আপনি যে পৌরসভাতে বাস করছেন, আপনি উভয় পৌরসভাতেই ভোট প্রদান করার জন্য যোগ্য। toronto.ca/ByElection-এ আরো জানুন।

# মাইভোট (MyVote)

2023 সালের মেয়র পদের উপ-নির্বাচনে আপনার অংশগ্রহণ শুরু করার জন্য মাইভোট (MyVote) ওয়েব অ্যাপ্লিকেশনটিতে সব কিছুই রয়েছে।

1 মে থেকে, **toronto.ca/MyVote**-এ যান এবং আপনার টরন্টোর ঠিকানা লিখুন:

- খুঁজে দেখুন আপনি ভোটার তালিকায় অন্তর্ভূক্ত কিনা
- আপনার ভোটার তালিকার তথ্য যোগ করুন, পরিবর্তন করুন বা হালনাগাদ করুন (26 মে পর্যন্ত)

- যে সকল প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতা করছেন তা দেখুন
- আপনার ওয়ার্ড এবং মানচিত্রটি খুঁজুন
- আপনার ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডটি দেখুন, ডাউনলোড করুন বা প্রিন্ট (মুদ্রণ) করুন (1 জুন থেকে)
- কোথায় এবং কখন ভোট প্রদান করতে হবে খুঁজে নিন (1 জুন থেকে)
- আপনার ভোট কেন্দ্র সম্পর্কে অভিগম্যতা সংক্রান্ত তথ্য খুঁজে বের করুন (1 জুন থেকে)
- আপনার ব্যালটটির একটি নমুনা দেখুন (1 জুন থেকে)

ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে যাওয়ার আগে মাইভোট দেখা অব্যাহত রাখুন, কারণ ভোট কেন্দ্রসমূহ পরিবর্তন হতে পারে।

# ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড (Voter Information Card)

**23 মে থেকে, ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডসমূহ [Voter information cards (ভিআইসিস - VICs)] ডাকে থাকবে।** ভোটদান কেন্দ্রে আপনার ভিআইসি (VIC) নিয়ে গেলে আপনার ভোট প্রদান প্রক্রিয়াটি সহজতর হবে। পরিচয়পত্র (আইডেন্টিফিকেশন) হিসাবে আপনার ভিআইসি-টি ব্যবহার করা যাবে না।

ভোট প্রদান করার জন্য আপনার কোনো ভিআইসি-র প্রয়োজন নেই।

- যদি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন এবং আপনি আপনার ভিআইসি-টি না পান, কিন্তু আপনার পরিবারের কেউ একজন পেয়েছেন, এটি এই কারণেই হতে পারে যে কানাডা পোষ্ট গুচ্ছবদ্ধভাবে কার্ডসমূহ পাঠায়।
- যদি আপনি একাধিক ভিআইসি পান, যখন আপনি ভোট প্রদান করতে যাবেন, সবচেয়ে সঠিক কার্ডটি যেটি আপনার পরিচয়পত্রের সাথে মানানসই সেটি আনুন।
- যদি আপনি আপনার ভিআইসি-টি পান, কিন্তু এটিতে ভুল তথ্য রয়েছে, যখন আপনি ভোট প্রদান করতে যাবেন কার্ডটি সাথে নিয়ে যেতে পারেন এবং একটি ভোটার লিস্ট অ্যামেন্ডমেন্ট অ্যাপ্লিকেশন (ভোটার তালিকা সংশোধন সংক্রান্ত আবেদনপত্র) সম্পন্ন করার জন্য বলতে পারেন।

- যদি আপনি এমন একজন ব্যক্তির একটি ভিআইসি পান যিনি আপনার পরিবারের সাথে বাস করেন না, আপনি কার্ডটিতে **রিটার্ন টু সেন্ডার (প্রেরকের কাছে ফেরত পাঠান)** মুদ্রণ করতে পারেন এবং কানাডা পোষ্ট-এর যেকোনো ডাকবাক্সে ফেলে দিতে পারেন।

আরো জানুন: toronto.ca/VIC-এ

# অভিগম্যতা সংক্রান্ত তথ্য

## যদি আপনি ভোটদানে বাধার সম্মুখীন হন, টরন্টো ইলেকশনস-এর সাথে elections@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে যোগাযোগ করুন।

### ভোট কেন্দ্রসমূহ

আপনি যেখানে ভোট প্রদান করবেন সেই সকল কেন্দ্রসমূহ অভিগম্য হবে। প্রতিটি কেন্দ্র সম্পর্কে তথ্যসমূহ, উদাহরণস্বরূপ আরোহণ-অবতরণ করার স্থানসমূহ (র‍্যাম্পস), স্বয়ংক্রিয় দরজা খোলার যন্ত্রসমূহ (অটোম্যাটিক ডোর ওপেনারস) বা ভোটার অ্যাসিস্ট টার্মিনালসমূহ (ভোটার সহায়তা টার্মিনালসমূহ) উপলভ্য: toronto.ca/ByElection-এ।

### অ্যাক্সিসিবল ভোটিং ইক্যুইপমেন্ট (ভোটদান সহায়ক সরঞ্জাম)

ভোটার অ্যাসিস্ট টার্মিনাল (ভোটার সহায়তা টার্মিনাল ) হচ্ছে একটি ব্যালট-চিহ্নিত করার যন্ত্র যা প্রতিবন্ধী ভোটারদের তাদের ব্যালটটিকে গোপনে এবং স্বাধীনভাবে চিহ্ন প্রদান করতে দেয়। উপাদানসমূহের অন্তর্ভুক্ত হচ্ছে টাচ স্ক্রীন, অডিও ফাংশন, ব্রেইল কি প্যাড, নল সম্বলিত সিপ/পাফ যন্ত্র (সিপ/পাফ টিউব ডিভাইস), রকার প্যাডল/ফুট স্যুইচ, এবং মুদ্রাক্ষরের আকার ও রঙের পরিবর্তন সমন্বয় করতে একটি বৈশিষ্ট্য-সম্পন্ন জুম।

সকল অগ্রিম ভোট কেন্দ্রসমূহে ভোটার অ্যাসিস্ট টার্মিনালসমূহ উপলভ্য হবে। যদি নির্বাচনের দিন আপনার একটি ভোটার অ্যাসিস্ট টার্মিনালের প্রয়োজন হয় এবং আপনার জন্য মনোনীত ভোট কেন্দ্রটিতে এটি অবস্থিত না থাকে, আপনি 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে আপনার ব্যালটটিকে স্থানান্তর করানোর জন্য অনুরোধ করতে পারবেন।

## অন্যান্য পরিষেবাসমূহ

- যদি আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত (ইন পারসন) হয়ে ভোট প্রদান করতে অক্ষম হন, ডাকযোগের মাধ্যমে ভোট প্রদান করার জন্য আবেদন করুন। আবেদন করার জন্য toronto.ca/VoteByMail-এ যান।
- ভোট কিভাবে প্রদান করতে হবে সে সম্পর্কে নির্দেশাবলী ব্রেইল এবং 26টি ভাষায় সকল ভোট কেন্দ্রে উপলভ্য হবে।
- সকল ভোট কেন্দ্রে স্বল্প দৃষ্টি-সম্পন্ন ভোটারদের সহায়তা করার জন্য বড় মুদ্রণ-সম্পন্ন কাগজের পাতা উপলভ্য হবে।
- যদি আপনি শারীরিকভাবে ভোট কেন্দ্রটিতে প্রবেশ করতে অক্ষম হন, আপনি ভোট কেন্দ্রের ভিতরে অন্যান্য জায়গায় সহায়তা পাবার জন্য অনুরোধ করতে পারবেন, উদাহরণস্বরূপ, পার্কিং এলাকা, বা কার্বসাইড (রাস্তার কিনারা)। আরো তথ্যের জন্য 311 নম্বরে টেলিফোন করুন।
- আপনি নিজে নিজে আপনার ব্যালটটিতে চিহ্ন প্রদান করতে অক্ষম হলে, আপনাকে সাহায্য করার জন্য একজন বন্ধুকে সাথে আনতে পারবেন বা একজন নির্বাচন কর্মকর্তাকে সহায়তা করার জন্য অনুরোধ করতে পারবেন।
- সকল ভোট কেন্দ্রই সহায়তাকারী ব্যক্তি এবং সেবা-প্রদানকারী প্রাণীর ব্যবহার স্বাগত জানায়।
- ব্যালট স্থানান্তর এমন পরিস্থিতিসমূহে অনুরোধ করা যেতে পারে যেখানে একজন ভোটাদাতা তাদের জন্য মনোনীত ভোট কেন্দ্রে বাধার সম্মুখীন হতে পারেন। 311 নম্বরে আগাম টেলিফোন করুন।
- যদি প্রদত্ত ভোটের দিনসমূহে আপনি ভোট প্রদান করতে অপারগ হন, আপনি একজন প্রতিনিধি (প্রক্সি) নিয়োগ করতে পারেন, VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করুন।
- মূক বা বধিরদের জন্য নির্বাচন-সম্পর্কিত তথ্য টিটিওয়াই (TTY) লাইনে 416-338-OTTY (0889) নম্বরে টেলিফোন করার মাধ্যমে উপলভ্য।

আরো জানুন: toronto.ca/AccessibleElections-এ

TORONTO

# গ্রহণযোগ্য পরিচয়পত্র

যখন আপনি ভোট প্রদান করতে যাবেন পরিচয়পত্র (আইডি -ID)-এর প্রয়োজন। আপনার নাম প্রদর্শন করা এবং টরেন্টোর উপযুক্ত ঠিকানা সম্বলিত একটি পরিচয়পত্র আনার কথা মনে রাখবেন। একটি পরিচয়পত্র হিসেবে ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডটি ব্যবহার করা যাবে না।

## গ্রহণযোগ্য আইডি (ID)-র উদাহরণসমূহ:

- অন্টারিও কর্তৃক জারী করা গাড়ির চালকের লাইসেন্স (ড্রাইভার'স লাইসেন্স) বা মোটরযানের অনুমতি (গাড়ির অংশ), ছবি সম্বলিত কার্ড (ফটো আইডি)
- বাতিল করা ব্যক্তিগতকৃত চেক, ক্রেডিট কার্ড বা ব্যাংকের লেন-দেন বিবরণী (ব্যাংক স্টেইটমেন্ট)
- পানি (জল) সম্পর্কিত, টেলিফোন বা কেবল টিভি, পানি (জল), গ্যাস বা বিদ্যুৎ/গ্যাসের বিল (ইউটিলিটি বিল) বা পাবলিক ইউটিলিটিস কমিশনের একটি বিল।
- চেকের অংশ (চেক স্ট্যাব), টি4 বিবরণী (টি4 স্টেইটমেন্ট) বা একজন নিয়োগকর্তা দ্বারা জারী করা রসিদ।
- অন্টারিও ওয়ার্কস বা অন্টারিও ডিজঅ্যাবিলিটি সাপোর্ট প্রোগ্রাম-এর সরাসরি আমানতের বিবরণী (স্টেইটমেন্ট অফ ডিরেক্ট ডিপোজিট)।
- সম্পত্তির কর মূল্যায়ন, আয়কর মূল্যায়ন নোটিস, চাইল্ড ট্যাক্স বেনেফিট স্টেইটমেন্ট (Child Tax Benefit statement)।
- মর্টগেইজের বিবরণী (মর্টগেইজ স্টেইটমেন্ট), ইজারা বা বাড়ি ভাড়ার চুক্তিপত্র।
- পোস্ট-সেকেন্ডারী স্কুল (মাধ্যমিকোত্তর স্কুল)-এর প্রাতিষ্ঠানিক নথি (স্টুডেন্ট ট্রান্সক্রিপ্ট) বা রিপোর্ট কার্ড।
- ক্যাম্পাসে বাসস্থান প্রদর্শন করা দলিল, যা পোস্ট-সেকেন্ডারী প্রতিষ্ঠানে শিক্ষার্থীগণের বাসস্থানের জন্য দায়িত্বে নিয়োজিত কার্যালয় বা কর্মকর্তাগণ দ্বারা জারী করা হয়েছে।
- গভার্নমেন্ট অফ কানাডা, অন্টারিও বা অন্টারিওর একটি পৌরসভার অন্য কোনো দলিল বা অন্টারিওতে আদালত দ্বারা জারী করা হয়েছে বা প্রত্যায়ন করা হয়েছে এমন একটি দলিল।
- ইন্ডিয়ান অ্যাক্ট (ক্যানাডা)-র অধীনে প্রতিষ্ঠিত একটি ব্যান্ড কাউন্সিল ইন অন্টারিও-র যেকোনো দলিল।
- বীমার পলিসি (ইনস্যুরেন্স পলিসি) বা বীমার বিবরণী (ইনস্যুরেন্স স্টেইটমেন্ট)।

- আর্থিক প্রতিষ্ঠানের সাথে ঋণের চুক্তি (লোন এগ্রিমেন্ট) বা অন্যান্য আর্থিক চুক্তিপত্র।
- এমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স বেনেফিটস পেইড টি4ই-এর বিবরণী।
- ওল্ড এজ সিকিউরিটি টি4এ (ওএএস - OAS), ক্যানাডা পেনশন প্ল্যান বেনেফিটস টি4এ (পি), ক্যানাডা পেনশন প্ল্যান স্টেইটমেন্ট অফ কন্ট্রিবিউশনস-এর বিবরণী।
- ওয়ার্কপ্লেইস সেইফটি এন্ড ইনস্যুরেন্স বোর্ড স্টেইটমেন্ট অফ বেনেফিটস টি5007।
- সিএনআইবি (CNIB) কার্ড বা অন্য কোনো নিবন্ধিত দাতব্য সংস্থার কার্ড যারা প্রতিবন্ধী ব্যক্তিবর্গকে পরিষেবাসমূহ প্রদান করে।
- লং-টার্ম কেয়ার হোমস অ্যাক্ট, 2007 (Long-Term Care Homes Act, 2007)-এর অধীনে দীর্ঘ-মেয়াদী সেবাদান আশ্রমে বাসস্থান প্রদর্শন করা দলিল, যা আশ্রমটির প্রশাসক দ্বারা জারী করা হয়েছে।

যদি আপনার গ্রহণযোগ্য আইডি না থাকে এবং আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না থাকেন, একটি ব্যালট পাওয়ার জন্য আপনাকে আইডি সহ ফিরে আসতে বলা হবে।

# সামাজিক মাধ্যম, ওয়েব, এবং ইমেইল (Social Media, Web and Email)

**ট্যুইটার (Twitter):** @cityoftoronto

**ফেইসবুক (Facebook):** City of Toronto

**ইন্সটাগ্রাম (Instagram):** @cityofto

**ওয়েবসাইট:** toronto.ca/ByElection

**ইমেইল:** elections@toronto.ca

# তথ্যসমূহের অনুবাদ

যদি অন্য কোনো ভাষায় আপনার তথ্যের প্রয়োজন হয়, 311 নম্বরে টেলিফোন করুন বা toronto.ca/elections/Voters-এ যান।